

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পার-২ অধিশাখা
www.mohfw.gov.bd

নং ৪৫.১৪৩.০২২.০০.০০.০০১.২০১৬-৮৩

তারিখঃ ৩১.০১.২০২১খ্রিঃ

৩৮তম বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণের পদায়ন নীতিমালা, ২০২১

- ১.০ নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণের পদায়নঃ
- ১.১ এ নীতিমালা বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণের পদায়ন নীতিমালা, ২০২১ নামে অভিহিত হবে।
- ১.২ চাকরিতে নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণকে স্বাস্থ্য সেবা বিভাগ তীর নিয়ন্ত্রণাধীন উপজেলা বা তদনিন্ম পর্যায়ে স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে পদায়ন করবে।
- ১.৩ নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসকদের নিজ জেলায়/নিজ জেলার নিকটবর্তী উপজেলায় পদায়নের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। পরবর্তীতে কর্মকর্তাদের কর্মমূল্যায়নের ভিত্তিতে তুলনামূলকভাবে সুবিধাজনক স্থানে পদায়ন করার বিষয়ে বিবেচনা করা হবে।
- ১.৪ নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণকে ঢাকা, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, গাজীপুর ও নরসিংদী জেলায় পদায়ন করা যাবে না। একই সাথে নিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণকে মহানগর/জেলা শহর/সদর উপজেলায় (উপ-স্বাস্থ্য কেন্দ্র ব্যতীত) পদায়ন করা যাবে না।
- ১.৫ ৩৯তম বিশেষ বিসিএস এর মাধ্যমে যোগদানকৃত ও বর্তমানে পদায়নকৃত যে সকল কর্মকর্তা ৩৮তম বিসিএস এ উত্তীর্ণ হয়েছেন সেসকল কর্মকর্তার পদায়নস্থল সাধারণভাবে পরিবর্তন হবেনা, তাঁদের যথাসম্ভব পূর্বের কর্মস্থলেই বহাল রাখতে হবে।
- ১.৬ পদায়নকৃত চিকিৎসকগণের নিজ নিজ কর্মস্থলে অনুচ্ছেদ ২.১ এ বর্ণিত সময়কাল অতিক্রান্ত হওয়ার পর বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) তীর অধিক্ষেত্রের মধ্যে বদলি করতে পারবেন। তবে কোন কর্মকর্তার বিরুদ্ধে কোন অভিযোগ উত্থাপিত হলে প্রাথমিক সত্যতা সাপেক্ষে নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পূর্বেই বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রত্যাহার করে অন্য কোন উপজেলায় (বৃহত্তর ঢাকা জেলা ব্যতীত) অন্যত্র বদলীর জন্য মহাপরিচালক (স্বাস্থ্য)-কে অনুরোধ জানাতে পারবেন।
- ১.৭ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নির্দিষ্ট পদে পদায়ন করার পর সংশ্লিষ্ট সিভিল সার্জন তীর জেলায় নবনিয়োগকৃত চিকিৎসকদের ০৫ (পাঁচ) কর্ম দিবস ওরিয়েন্টেশন প্রোগ্রামের আয়োজন করবে।
- ২.০ নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসকদের বদলি/ উচ্চতর ডিগ্রীঃ
- ২.১ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও তদনিন্ম পর্যায়ে ০২(দুই) বছর চাকুরি করার পর পদ শূন্যতার ভিত্তিতে জেলা হাসপাতালে চিকিৎসকগণ পদায়নের সুযোগ পাবেন। নতুন নিয়োগপ্রাপ্ত দস্ত চিকিৎসকদের প্রথমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ পদায়ন করা হবে। ০২(দুই) বছর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পদায়ন থাকার পর শূন্যতার ভিত্তিতে ডেন্টাল সার্জনদের জেলা পর্যায়ের হাসপাতালে পদায়ন করা যেতে পারে।
- ২.২ উপজেলা বা তদনিন্ম পর্যায়ে ০২(দুই) বছর চাকুরি করার পর নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণ এমডি/এমএস/এফসিপিএস/এমপিএইচ/ডিপ্লোমা বা সমমানের উচ্চতর কোর্স করার সুযোগ পাবেন।
- ২.৩ যে সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে চিকিৎসকের শূন্য পদের সংখ্যা তুলনামূলক বেশী সেসব স্বাস্থ্য প্রতিষ্ঠানে স্থানীয় চাহিদা অনুযায়ী বেশী সংখ্যক চিকিৎসক পদায়ন করা হবে।

- ২.৪ নবনিয়োগের ক্ষেত্রে শূন্য পদ পূরণের জন্য প্রথমে পার্বত্য জেলা, দ্বীপাঞ্চল ও প্রত্যন্ত অঞ্চলকে অগ্রাধিকার দেয়া হবে। এক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের নং-০৪.৫১২.০৩৫.০০.০০.০১১.২০১০-৩০.০৬.২০১৩খি: তারিখে জারীকৃত পত্রে বর্ণিত তালিকা অনুসরণ করা হবে (পরিশিষ্ট-‘ক’)
- ২.৫ পার্বত্য, দ্বীপাঞ্চল ও দুর্গম উপজেলায় পদায়নকৃত চিকিৎসকগণের ০২ (দুই) বছর দায়িত্বকাল অতিক্রম হওয়ার পর উক্ত কর্মস্থল হতে প্রত্যাহার পূর্বক অপেক্ষাকৃত সুবিধাজনক স্থানে পদায়ন করা যাবে।
- ২.৬ ফরেনসিক মেডিসিনের ক্ষেত্রে ডিপ্লোমা এবং এনাটমি, ফিজিওলজি, ফার্মাকোলজি, বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি, প্যাথলজি ও কমিউনিটি মেডিসিন বিষয়ে এমএস/এমডি/এমফিল/ সমমানের ডিগ্রী অর্জনকারী নব নিযুক্ত চিকিৎসকগণকে মেডিকেল কলেজে পদায়ন করা যাবে। বর্ণিত বিষয়সমূহ ব্যতিত অন্য কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অর্জনকারিগণ এ শর্তের সুবিধা প্রাপ্ত হবেন না।
- ২.৭ এ্যানেসথেসিয়া বিষয়ে এমডি/এফসিপিএস/ডিএ/সমমানের ডিগ্রি অথবা ন্যূনতম এক বছরের প্রশিক্ষণ প্রাপ্ত চিকিৎসকগণকে উপজেলা পর্যায়ের নিম্নে পদায়ন করা যাবে না। প্রয়োজনে তাঁদেরকে ইওসিভুক্ত উপজেলা/ জেলা সদরে পদায়ন করা যাবে।
- ২.৮. স্বামী ও স্ত্রী উভয়ে সরকারি চাকুরীজীবী হলে যতদূর সম্ভব একই কর্মস্থলে পদায়নের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।
- ২.৯ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭ জানুয়ারি, ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.৩৮.০০৭.২০-১০নং প্রজ্ঞাপনের অনুষ্টেদ (ক) ও (ট) এ বর্ণিত বিধানাবলী বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তরে সম্পন্ন করা হবে।


স্বাক্ষরিত/-
(মো. আবদুল মান্নান)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং ৪৫.১৪৩.০২২.০০.০০.০০১.২০১৬-৮৩/১(১৫)

তারিখঃ ৩১.০১.২০২১খিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। পরিচালক (স্বাস্থ্য), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। উপসচিব (চিশি-১/চিশি-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। উপপরিচালক, বাংলাদেশ ফরম্‌স্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ১২। সিনিয়র সহকারী সচিব (পার-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। অফিস কপি।


শারমিন আক্তার জাহান
উপসচিব (পার-২)